**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 1/31/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

## গভর্নর কুওমো স্টেটের টিকাদান পরিকল্পনা সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ তথ্য প্রদান করেছেন

***আজ সকাল 11 পর্যন্ত, নিউ ইয়র্কের স্বাস্থ্যসেবা বিতরণের সাইটগুলি ফেডারেল সরকারের থেকে প্রাপ্ত ডোজগুলির মধ্যে 88% প্রদান করেছে***

***হাসপাতাল কর্মীদের স্টেটব্যাপী নতুন জনসংখ্যা-বিষয়ক তথ্য: এর মধ্যে 63% ভ্যাকসিন গ্রহণকারী শ্বেতাঙ্গ ছিলেন (যোগ্য জনগোষ্ঠীর 70%); এর মধ্যে ভ্যাকসিন গ্রহণকারীদের 10% আফ্রিকান আমেরিকান ছিলেন (যোগ্য জনগোষ্ঠীর 17%); ভ্যাকসিন প্রাপকদের 10% হিসপানিক বা ল্যাটিনো (যোগ্য জনগোষ্ঠির 8%) এবং 16% ভ্যাকসিন গ্রহণকারীরা এশিয়ার অধিবাসী ছিলেন (যোগ্য জনগোষ্ঠীর 11%) এর মধ্যে***

***টিকার ড্যাশবোর্ড স্টেটের টিকাদান প্রোগ্রাম সম্পর্কে প্রতিদিন আপডেট করা হবে; ny.gov/vaccinetracker এ যান***

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ স্টেটের টিকাদান কর্মসূচি সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ তথ্য প্রদান করেছেন। সরবরাহকারীদের কাছে টিকা সরবরাহের মোট 7টি কেন্দ্রীয় বরাদ্দ আজ সম্পন্ন হবে। আজ সকাল 11:00টা পর্যন্ত, নিউ ইয়র্কের স্বাস্থ্যসেবা বিতরণ সাইটগুলি 1,554,450টি প্রথম ডোজ পেয়েছে এবং ইতোমধ্যে 88 শতাংশ বা 1,361,212 প্রথম ডোজ টিকা এবং প্রথম এবং দ্বিতীয় ডোজের 73 শতাংশ প্রদান করেছে। ফেডারেল সরকার থেকে সপ্তাহ 8 সপ্তাহের বরাদ্দ এই সপ্তাহের মাঝামাঝিতে না আসা পর্যন্ত শুরু হচ্ছে না।

উপরন্তু, 1A যোগ্যতা গ্রুপে যারা হাসপাতালের কর্মীদের ভ্যাকসিন প্রদান করেছিলেন এবং গ্রহণ করেছিলেন গভর্নর তাদের নতুন জনসংখ্যাতাত্ত্বিক তথ্য ঘোষণা করেছিলেন। যোগ্য 1A জনসংখ্যার জনসংখ্যাতাত্ত্বিক পৃথক তালিকা 70 শতাংশ শ্বেতাঙ্গ; 17 শতাংশ আফ্রিকান আমেরিকান; 8 শতাংশ হিস্পানিক বা ল্যাটিনো এবং হাসপাতালের কর্মীদের মধ্যে 11 শতাংশ এশিয়ান। মোট 1A যোগ্য জনগোষ্ঠীর মধ্যে, ভ্যাকসিন গ্রহণকারীদের মধ্যে 63 শতাংশ শ্বেতাঙ্গ, ভ্যাকসিন গ্রহণকারীদের 10 শতাংশ আফ্রিকান আমেরিকান; ভ্যাকসিন গ্রহণকারীদের মধ্যে 10 শতাংশ হিস্পানিক বা ল্যাটিনো এবং ভ্যাকসিন গ্রহণকারীদের মধ্যে 16 শতাংশ এশিয়ান ছিলেন।

"আমরা জানি এই টিকা হচ্ছে সেই অস্ত্র যা COVID যুদ্ধের সমাপ্তি ঘটাবে, কিন্তু এটি সত্যিকার অর্থে কার্যকর হওয়ার জন্য, আমাদের নিশ্চিত করতে হবে যে এটি ন্যায্য ও ন্যায়সঙ্গতভাবে বিতরণ করা হচ্ছে এবং জনগণ আসলে এটাকে বিশ্বাস করে।" **গভর্নর কুওমো বলেন।** "দেশের অন্যতম বিস্তৃত টিকা নেটওয়ার্কের মাধ্যমে আমরা সেই সম্প্রদায়গুলিতে সামাজিক ন্যায্যতা, অ্যাক্সেস ও জনসাধারণের আস্থাকে অগ্রাধিকার দিতে গিয়ে 1.9 মিলিয়ন ডোজ প্রদান করতে সক্ষম হয়েছি। যাইহোক, আমরা যে বিষয়টি দেখছি এবং এখন স্বাস্থ্য সেবা কর্মীদের উপর নতুন জনসংখ্যাতাত্ত্বিক তথ্য দ্বারা সমর্থিত, তা হচ্ছে কৃষ্ণাঙ্গ সম্প্রদায়ের এই টিকার প্রতি দ্বিধা রয়ে গেছে। কারণ যাই হোক না কেন, এটা একটা সমস্যা যা সমাধান করা দরকার কারণ সর্বোপরি, ভ্যাকসিনটি কেবলমাত্র সবাই বোর্ডে থাকলেই কাজ করে। আমরা যখন এগিয়ে যাচ্ছি, নিউ ইয়র্ক এই টিকার উপর আস্থা গড়ে তোলার উপর অতিরিক্ত মনোযোগ প্রদান করছে এবং এটি সম্পন্ন করার জন্য আমাদের প্রতিটি সরঞ্জাম ব্যবহার করবে।"

বর্তমানে প্রায় 7.1 মিলিয়ন নিউ ইয়র্কবাসী এই টিকা পাওয়ার যোগ্য। ফেডারেল সরকার পরের তিন সপ্তাহের মধ্যে সাপ্তাহিক সরবরাহ 16 শতাংশ বাড়িয়েছে, তবে নিউ ইয়র্কের বিস্তৃত বিতরণ নেটওয়ার্ক ও যোগ্য ব্যক্তিদের বিশাল জনসংখ্যা এখনও ফেডারেল সরকার থেকে আসা সরবরাহ থেকে অনেক বেশি। সীমিত সরবরাহের কারণে, নিউ ইয়র্কবাসীদের ধৈর্য ধরতে উৎসাহিত করা হচ্ছে এবং কোনো অ্যাপয়েন্টমেন্ট ছাড়া টিকাদান সাইটে উপস্থিত না হওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে।

টিকাদান কর্মসূচির সংখ্যাগুলি স্টেটের টিকাদান কর্মসূচির জন্য নিউ ইয়র্কে বন্টন এবং বিতরণ করা ডোজের সংখ্যা এবং ফেডারেল সরকারের দীর্ঘমেয়াদী যত্ন সুবিধা কর্মসূচির জন্য সংরক্ষিত ব্যক্তিদের অন্তর্ভুক্ত করা হয় না। তথ্যগুলির বিশদ বিবরণ আজ সকাল 11টা পর্যন্ত নিউ ইয়র্ক স্টেটে রিপোর্ট করা সংখ্যাগুলির উপর ভিত্তি করে নিম্নরূপ। নিচে বরাদ্দের সামগ্রীর মধ্যে সপ্তাহের 7 শতাংশ বরাদ্দের 100 শতাংশ অন্তর্ভুক্ত রয়েছে, যা রবিবার নিউ ইয়র্ক সরবরাহকারী সাইটগুলিতে বিতরণ করা শেষ হবে।

**<u>স্টেটব্যাপী পৃথক তালিকা</u>**

- প্রাপ্ত প্রথম ডোজ - 1,554,450
- প্রদান করা প্রথম ডোজ - 1,361,212; 88%
- প্রাপ্ত দ্বিতীয় ডোজ - 725,050
- প্রদান করা দ্বিতীয় ডোজ - 299,007

| **অঞ্চল** | **প্রাপ্ত মোট ডোজ (1ম ও 2য়)** | **প্রদান করা মোট ডোজ (1ম ও 2য়)** | **মোট ডোজের % যা প্রদান করা/প্রাপ্ত হয়েছে (1ম ও 2য়)** |
|---|---|---|---|
| Capital Region | 137,840 | 110,938 | 80% |

| | | | |
|---|---|---|---|
| Central New York | 108,865 | 102,690 | 94% |
| Finger Lakes | 136,255 | 111,234 | 82% |
| Long Island | 288,360 | 205,038 | 71% |
| Mid-Hudson | 219,420 | 140,723 | 64% |
| Mohawk Valley | 59,860 | 35,766 | 60% |
| New York City | 1,040,800 | 741,191 | 71% |
| North Country | 62,350 | 40,289 | 65% |
| Southern Tier | 67,835 | 47,075 | 69% |
| Western New York | 157,915 | 125,275 | 79% |
| স্টেটজুড়ে/সমগ্র স্টেটে | 2,279,500 | 1,660,219 | 73% |

| | **স্বাস্থ্যসেবা বিতরণ সাইটের জন্য নিউ ইয়র্কে 1ম ডোজগুলি সম্পূর্ণরূপে সরবরাহ করা হয়েছে** | **স্বাস্থ্যসেবা বিতরণ সাইটের জন্য নিউ ইয়র্কে দ্বিতীয় ডোজগুলি সম্পূর্ণরূপে সরবরাহ করা হয়েছে** | **মোট** | **ক্রমবর্ধমান** |
|---|---|---|---|---|
| **সপ্তাহ 1: ডোজ আসছে 12/14 – 12/20** | 90,675 | 0 | 90,675 | N/A |
| **সপ্তাহ 2: ডোজ আসছে 12/21 – 12/27** | 392,025 | 0 | 392,025 | 482,700 |
| **সপ্তাহ 3:** | 201,500 | 0 | 201,500 | 684,200 |

| | | | | |
|---|---|---|---|---|
| **ডোজ আসছে 12/28 – 01/03** | | | | |
| **সপ্তাহ 4: ডোজ আসছে 01/04 – 01/10** | 160,050 | 90,675 | 250,725 | 934,925 |
| **সপ্তাহ 5: ডোজ আসছে 01/11 – 01/17** | 209,400 | 45,825 | 255,225 | 1,190,150 |
| **সপ্তাহ 6: ডোজ আসছে 01/18 – 01/24** | 250,400 | 428,100 | 678,500 | 1,868,650 |
| **সপ্তাহ 7: ডোজ আসছে 01/25 – 01/31*** | 250,400 | 160,450 | 410,850 | 2,279,500 |

আজ পর্যন্ত, নিউ ইয়র্কের স্বাস্থ্য সেবা বিতরণ সাইটগুলি ফেডারেল সরকারের কাছ থেকে পাওয়া প্রথম ডোজের ৪৪ শতাংশ প্রদান করেছে কিন্তু ফেডারেল সরকারের সীমিত বরাদ্দের কারণে, অ্যাপয়েন্টমেন্টগুলি দ্রুত পূরণ হয়েছে। নিউ ইয়র্কবাসীরা যোগ্যতা নির্ধারণ করতে এবং একটি স্টেট পরিচালিত গণ টিকাদান সাইটে একটি অ্যাপয়েন্টমেন্টের সময়সূচি নির্ধারণ করতে, 'আমি কি যোগ্য' ওয়েবসাইটে যান। নিউ ইয়র্কবাসীগণ অতিরিক্ত তথ্যের জন্য এবং অ্যাপয়েন্টমেন্ট করার জন্য অনুগ্রহ করে যেখানে টিকা উপলভ্য আছে তাদের এমন স্থানীয় স্বাস্থ্য বিভাগ, ফার্মেসি, ডাক্তার বা হাসপাতালে কল করুন।

COVID-19 টিকা ট্র্যাকার ড্যাশবোর্ড COVID-19 টিকা বিতরণ সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ প্রদানের জন্য উপলভ্য। নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ 24 ঘণ্টার মধ্যে সকল COVID-19 টিকা প্রদানের তথ্য রিপোর্ট করা বাধ্যতামূলক করে টিকাদান সুবিধার প্রয়োজনীয়তা নির্দেশ করে; স্টেটের টিকাদান প্রচেষ্টার সব চেয়ে হালনাগাদকৃত মেট্রিক্স প্রতিফলিত করতে

ড্যাশবোর্ডে টিকাদানের তথ্য প্রতিদিন আপডেট করা হয়।

যে নিউ ইয়র্কবাসীরা টিকা বিতরণ প্রক্রিয়ায় জালিয়াতি সন্দেহ করেন তারা এখন 833-VAX-SCAM (833-829-7226) টোল-ফ্রি নম্বরে অথবা STOPVAXFRAUD@health.ny.gov এ স্টেটের স্বাস্থ্য বিভাগকে ইমেইল করতে পারেন। হটলাইন কর্মীরা যথাযথ তদন্তকারী সংস্থার কাছে অভিযোগ পাঠাবে যাতে নিউ ইয়র্কবাসীদের যাতে ঠকানো না হয় তা নিশ্চিত করা যায় যখন স্টেট সম্পূর্ণ যোগ্য জনসংখ্যাকে টিকা দেওয়ার জন্য কাজ করে।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন